দামুড়হুদা উপজেলা প্রস্তাবিত মুক্তিযোদ্ধাদের এডহক কমিটি গঠিত

দামুড়হুদা উপজেলা প্রস্তাবিত মুক্তিযোদ্ধাদের এডহক কমিটি গঠিত হয়েছে। গত শনিবার দর্শনা পৌর মুক্তিযোদ্ধা কমান্ড অফিসে বিকাল ৪টার দিকে মুক্তিযোদ্ধাদের এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

এ সভায় বীর মুক্তিযোদ্ধা হাফিজুল আলমকে আহ্বায়ক করে ৭ সদস্য বিশিষ্ট একটি আহ্বায়ক কমিটি গঠিত হয়েছে। বীর মুক্তিযোদ্ধা মাহাতাব উদ্দিনকে যুগ্ম আহ্বায়ক করা হয়। বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমানকে সদস্য সচিব এবং সদস্যরা হলেন, বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেন ও বীর মুক্তিযোদ্ধা দিলদার হোসেন।

প্রস্তাবিত এ কমিটি বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ জেলা ইউনিট কমান্ড বরাবর প্রেরণ করা হয়েছে। জেলা মুক্তিযোদ্ধা সংসদ অনুমোদন দেওয়ার পর পূনার্ঙ্গ কমিটি নিবার্চিত হবে বলে জানান আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা হাফিজুল আলম।

চুয়াডাঙ্গায় বাটারফ্লাই হিউম্যান রাইটস্ ফাউন্ডেশনের জেলা কমিটি গঠিত

চুয়াডাঙ্গায় সমাজের নির্যাতিত, নিপীড়িত, অসহায়, অধিকারবঞ্চিত মানুষের অধিকার প্রতিষ্ঠায় সহায়তাদান সহ নানাবিধ সামাজিক উন্নয়নমুলক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা থেকে পরিচালিত “বাটারফ্লাই হিউম্যান রাইটস্ ফাউন্ডেশন” এর চুয়াডাঙ্গা জেলা কমিটি গঠন করা হয়েছে।

গত বৃহঃস্পতিবার বিকাল ৪ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার আকন্দবাড়িয়া বটতলা বাজারে সংগঠনের অস্থায়ী কার্যালয়ে এক আলোচনা সভা শেষে এ জেলা কমিটি গঠন করা হয়।

এতে ফিজিওথেরাপী চিকিৎসক মোঃ শফিকুল ইসলাম জান্টুকে সভাপতি, মুন্সী শহীদুল্লাহ শহীদকে সহ-সভাপতি, মোঃ মতিয়ার রহমান মন্টুকে সাধারণ সম্পাদক, মোঃ রেজাউল হককে সহ-সাধারণ সস্পাদক, মোঃ শরিফুজ্জামানকে কোষাধ্যক্ষ, মোঃ নুরুল আলম বাকু কে সাংগাঠনিক সম্পাদক, মোঃ সায়েম হোসেনকে দপ্তর সম্পাদক, এ্যাডঃ আশরাফুল হককে আইন বিষয়ক সম্পাদক, মোঃ ইব্রাহিম আলীকে সমাজকল্যাণ সম্পাদক, আল-মামুন কে প্রচার সম্পাদক ও মাওলানা মোহাম্মদ ওসমান গনীকে কে নির্বাহী সদস্য মনোনীত করে মোট ১১ সদস্য বিশিষ্ট এক বছর মেয়াদি এ কমিটি গঠন করা হয়। ইহা একটি স্বেচ্ছসেবী বেসরকারী, অরাজনৈতিক, অলাভজনক ও দাতব্য প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে সহায়তা করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসারের বিরুদ্ধে তদন্ত কমিটি গঠিত

রোগীকে ভূঁয়া সনদ প্রদানের অভিযোগে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. এমকে রেজার বিরুদ্ধে তিন সদস্যের তদন্ত কমিটি গঠণ করা হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিয়া) ডাক্তার জাহিদুর রহমানের নেতৃত্বে গঠিত তিন সদস্যের অন্যান্য সদস্যরা হলেন, আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. মারুফ, মেডিকেল অফিসার ডা. আদিলা আজহার।

গাংনী উপজেলা আগামী ৭ কর্মদিবসের মধ্যে এই তদন্ত রিপোর্ট জমা দেওয়ার নিদের্শ দেওয়া হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সুপ্রভা রানী বলেন, গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের জনৈক সুজন নামের এক ভূক্তভোগী মেহেরপুর সিভিল সার্জনের কাছে ডাক্তার এমকে রেজার বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ দিলে সেটি তদন্তের জন্য গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নিকট তদন্তের নির্দেশ দেন।

সে নির্দেশনা মোতাবেক আজ শনিবার (৬ আগষ্ট) এ কমিটি গঠণ করে ৭ দিন সময় বেধে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, অভিযোগকারী সুজনের স্ত্রী পারিবারিক কলহের জের ধরে গত বছরের ফেব্রুয়ারী মাসে তার বিরুদ্ধে আদালতে যৌতুকের দাবীতে নারী নির্যাতনের একটি মামলা দায়ের করেন। অথচ, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার এমকে রেজা ওই নারীকে শারীরিক নির্যাতনের একটি মেডিকেল সনদ গত বছরের ২ জুন মাসে দেন। সেই সনদ মামলায় ব্যবহার করছে। এটিকে মিথ্যা ও ভূঁয়া সনদ বলে অভিযোগ করেন ভুক্তভোগী সুজন।

ভুক্তভোগী বলেন, ডাক্তার এমকে রেজা দীর্ঘদিন যাবৎ টাকার বিনিময় একই ধরণের সার্টিফিকেট প্রদান করে আসছেন।তার ইওসি এবং পিজিটি কোর্স করা আছে বললেও এখন পর্যন্ত সে কোনো সার্টিফিকেট কাউকে দেখাতে পারেনি।